RURAL POWER COMPANY LTD.
ISO 9001:2008 Certified

# রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

দরপত্রের নামঃ ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন বিভাগের জন্য চেয়ার ক্রয়।

**দরপত্রের পদ্ধতি: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ)**

দরপত্রের সূত্রঃ PUR-02 (MPS/RFQ) 2022-2023, Date: 29.08.2022

দরপত্র জমাদানের শেষ তারিখ: ০৭/০৯/২০২২ইং

আগষ্ট - ২০২২

স্মারক নং ২৭.২৬.৬১৫২.০০৬.০৭.০০৪.২২.০০২ তারিখঃ ২৯/০৮/২০২২ ইং

## কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতি (আরএফকিউ)

## ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন বিভাগের জন্য চেয়ার ক্রয় প্রসঙ্গে।

ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন বিভাগের জন্য চেয়ার ক্রয়ের নিমিত্ত উপযুক্ত প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে প্রয়োজনীয় কাগজপত্র যেমন - (১) ট্রেড লাইসেন্স, ২) ভ্যাট রেজিঃ/ বিন নাম্বার (১৩ সংখ্যা) এবং (৩) হাল নাগাদ টিআইএন সার্টিফিকেটসহ প্রয়োজনীয় তথ্যাদি সংযুক্ত করে আগামী ০৭/০৯/২০২২ ইং তারিখের মধ্যে দর প্রদানের জন্য অনুরোধ করা যাচ্ছে। দরপত্রের নাম, বিবরণ ও শর্তাবলী নিম্নে দেয়া হলো।

**দরপত্র দাখিল ও সময় সীমাঃ**
আগ্রহী দরদাতাগণকে উপরোক্ত তথ্যাদিসহ প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্র, লালকুঠি দরবার শরিফ, ময়মনসিংহ বরাবর আগামী ০৭/০৯/২০২২ ইং তারিখে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে বন্ধ খামের উপর **"ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের চেয়ার ক্রয়ের কোটেশন"** লিখে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯.০০ ঘটিকা–৫.০০ ঘটিকা পর্যন্ত) দরপত্র দাখিল করতে হবে। এছাড়া দরপত্র আহ্বানকারীর ইমেইল (email: rtbt123@yahoo.com) মাধ্যমেও দরপত্র প্রেরণ করা যাবে। ক্রয়তব্য মালামালের জন্য প্রয়োজনীয় তথ্য/স্পেসিফিকেশন সংযুক্ত ফরম-১ এ উল্লেখ করা হয়েছে।

**শর্তাবলীঃ**
১। **মালামাল সরবরাহের স্থানঃ** ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্র, লালকুঠি দরবার শরিফ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

১.১। **দর প্রস্তাবের মেয়াদঃ** দরপ্রস্তাব দাখিলের শেষ তারিখ/সময় হতে দরপ্রস্তাবের মেয়াদ পরবর্তী ৬০ (ষাট) দিন পর্যন্ত বৈধ থাকতে হবে। দরপত্র প্রদানকারী কর্তৃক প্রদত্ত দর (যদি গৃহীত হয় তবে) চুক্তির সময়কালের জন্য স্থির থাকবে।

১.২। **দর প্রস্তাব দাখিলের ক্ষমতাঃ** দরপ্রস্তাব সংযুক্ত ফরম-১ সঠিকভাবে পুরন করতঃ প্রতিষ্ঠানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি নাম ও স্বাক্ষরসহ দরপ্রস্তাব দাখিল করতে হবে।

১.৩। **দরপত্র প্রেরণঃ** দরপত্রটি যথাযথ ভাবে পূরণ করে ও অনুমোদিত স্বাক্ষরকারী কর্ত্তৃক প্রতিটি পৃষ্ঠায় যথাযথ ভাবে স্বাক্ষর করে (তারিখ সহ) প্রেরণ করতে হবে।

১.৪। **দরপত্রে প্রদত্ত মূল্যঃ** দরপত্রে মুনাফা, পরিবহন খরচ, লেবার চার্জ সহ প্রযোজ্য আইনের অধীনে প্রদেয় সমস্ত প্রকারের কর, শুল্ক, ফি এবং অন্যান্য চার্জ অন্তর্ভুক্তি পূর্বক দর প্রদান করতে হবে। দরপত্রে প্রদত্ত দর "টাকা" তে উল্লেখ করতে হবে।

১.৫। **কোটেশন সিকিউরিটিঃ** দরপত্র প্রেরণের জন্য দরপত্রের সাথে কোন সিকিউরিটি অর্থ প্রদানের প্রয়োজন নাই।

১.৬। **দরপত্রের সাথে প্রদত্ত দলিলাদিঃ** দরপত্র প্রদানকারীর কার্য চুক্তিতে প্রবেশের জন্য আইনী সক্ষমতা থাকতে হবে। সেই সাথে ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিঃ (BIN নাম্বার: ১৩ সংখ্যা) সার্টিফিকেট, হাল নাগাদ টিআইএন সার্টিফিকেট এবং সর্বশেষ আয়কর রিটার্ন স্লিপসহ সকল প্রয়োজনীয় তথ্যাদি দরপত্রের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে।

১.৭। **দরপত্র উন্মুক্ত করন ও মূল্যায়ণ** প্রদত্ত দরপত্রসমূহ জনসাধারনের সম্মুখে উন্মুক্তকর সম্পন্ন করা হবে না। দরপত্রসমূহ এমপিএস এর মূল্যায়ণ কমিটি দ্বারা নিরীক্ষা করা হবে এবং সর্বনিম্ন গ্রহনযোগ্য দরদাতাকে ক্রয়কার্য সম্পাদনের জন্য ক্রয়াদেশ প্রদান করা হবে। প্রদত্ত দরপত্রে কোন গাণিতিক ত্রুটি থাকলে মূল্যায়ন কমিটি তা সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

২। **কাজ শুরু এবং সমাপ্তির সময়সীমাঃ** আরপিসিএল হতে ক্রয়াদেশ প্রদানের তারিখ হতে পরবর্তী ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে মালামাল সমূহ সরবরাহ করতে হবে।

৩। **বিল দাখিলঃ** মালামাল সমূহ সরবরাহ (ফরম-১ অনুসারে) করার সময় প্রধান প্রকৌশলী, ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্র এর অনুকূলে ১ কপি বিল দাখিল করতে হবে।

# দরপত্র

**[প্রতিষ্ঠানের লেটার-হেড প্যাড ব্যবহার করুন]**

বরাবর,
এ. এইচ. এম. রাশেদ
প্রধান প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ
ময়মনসিংহ পাওয়ার স্টেশন,
লালকুঠি দরবার শরীফ, ময়মনসিংহ।

দরপত্রের সূত্রঃ PUR-02 (MPS/RFQ) 2022-2023 তারিখ: ২৯/০৮/২০২২ ইং

আমি নিম্নস্বাক্ষরকারী, "ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্রের পরিচালন বিভাগের চেয়ার ক্রয়" সংক্রান্ত দরপত্রের সকল নিয়ম ও শর্ত মেনে ক্রয়কার্যটি সঠিক ভাবে সম্পাদন করার জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা [..........................................................................................]

কথায়: [..........................................................................................]

আমার/আমাদের কোটেশন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং দরপত্রে অংশগ্রহনের প্রতিযোগীতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটির বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ................................ তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

দরদাতার স্বাক্ষর ও সিল তারিখ:

৪। **বিল পরিশোধঃ** ফরম-১ অনুসারে মালামাল সমূহ সরবরাহের পর ময়মনসিংহ বিদ্যুৎ কেন্দ্র হতে Acceptance সার্টিফিকেট প্রদানের পর হিসাব খাতে প্রদেয় চেকের মাধ্যমে ১০০% বিল পরিশোধ করা হবে।

৫। **ভ্যাট ও ট্যাক্সঃ সরকারী** বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর উৎসে কর্তন করে বিল পরিশোধ করা হবে এবং মালামাল সরবরাহের সময় অবশ্যই মুসক ৬.৩ চালান দাখিল করতে হবে।

৬। **অগ্রিম প্রদানঃ** কৃতকার্য দরদাতাকে কোন অগ্রীম প্রদান করা হবে না।

৭। **বিলম্বজনিত জরিমানাঃ** ক্রয়াদেশে উল্লেখিত সময়ের মধ্যে মালামাল সমূহ সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য ০.১০% হিসাবে চুক্তি মূল্যের সর্বোচ্চ ১০% জরিমানা বিল হতে কর্তন করা হবে।

৮। **বিবিধঃ** চুক্তি সম্পাদনকালীন সময়ে কোন বিরোধ/সমস্যার উদ্ভব হলে চুক্তির শর্তানুযায়ী আরপিসিএল কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ ব্যতিরেকে যে কোন দর প্রস্তাব/সকল দরপ্রস্তাব গ্রহন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।

| দরপত্র আহ্বানকারী | দরদাতা |
| --- | --- |
| নামঃ এ. এইচ. এম. রাশেদ<br>প্রধান প্রকৌশলী ও প্লান্ট ইনচার্জ<br>ময়মনসিংহ পাওয়ার স্টেশন<br>ময়মনসিংহ<br>email: rtbt123@yahoo.com | |

**FORM-1**

## মূল্য তফশীল

<table>
<tr><th>ক্রমিক</th><th>আইটেমের নাম / বিবরণ</th><th>একক</th><th>পরিমাণ</th><th>একক মূল্য (টাকা)</th><th>মোট মূল্য (টাকা)</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td></tr>
<tr><td>1.</td><td>

**Swivel Chair**

***Specification:***

- Structure of Mig welded high quality finish with base mild steel
- High quality fabric upholstery with soft and durable cushioning.
- High Quality Pneumatic Height adjustable & comfortable noise free Revolving Chair and High-Quality Hardware fitting.

**Brand:** PARTEX / HATIL/OTOBI/BROTHERS




</td><td>Nos</td><td>13</td><td></td><td></td></tr>
<tr><td colspan="2">**মোট মূল্য: (ভ্যাট ও প্রযোজ্য সকল ধরনের ট্যাক্স সহ)**</td><td colspan="2">**অংকেঃ**</td><td colspan="2"></td></tr>
</table>

| | |
|---|---|
| **মালামাল সরবরাহের ঠিকানা:** | ময়মনসিংহ পাওয়ার স্টেশন, লালকুঠি দরবার শরীফ, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ। |
| **মোট মূল্য (টাকায়) (কথায়):** | |
| **মালামাল সরবরাহের সময়সীমা:** | |

আমি/আমাদের দ্বারা এই মূল্য তফশীলের বর্ণিত প্রস্তাব .......................... দিন/মাস/বছর পর্যন্ত বৈধ।

| | |
|---|---|
| দর দাখিলকারী প্রতিষ্ঠানের নাম ও সীল: | |
| তারিখঃ | |